




জেলা পরিষদ কার্যালয়
মেহেরপুর
(www.zpmeherpur.gov.bd)



স্মারক নং-জেপ/মেহের/প্রকৌঃ/২০২১-৩৬০

তারিখ : ২৫-১০-২০২১ খ্রিঃ

বিষয় : ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি'র আওতায় মেহেরপুর জেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত অর্থে গৃহিত প্রকল্পসমূহ বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন প্রদান প্রসঙ্গে।

সূত্র : ০১। স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৭.২০২১.১৭৭২, তারিখ : ১৮-০৮-২০২১ খ্রিঃ।
০২। ২৯-০৯-২০২১ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত মেহেরপুর জেলা পরিষদের ৫৩তম সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির(এডিপি) আওতায় জেলা পরিষদ উন্নয়ন সহায়তা থোক বরাদ্দের বিভাজন অনুযায়ী 'সাধারণ বরাদ্দ' উপখাত হতে মেহেরপুর জেলা পরিষদের অনুকূলে ৬,২৫,০০,০০০/- (ছয় কোটি পঁচিশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দ পত্রের নির্দেশনা অনুসারে উক্ত অর্থ দ্বারা জেলা পরিষদ আইন ২০০০ এর ৩০ ধারা মোতাবেক সার্বিক বিষয়গুলো সভায় পর্যালোচনান্তে আয়তন, জনসংখ্যা ও অনগ্রসরতা বিবেচনায় উপজেলাওয়ারী মেহেরপুর সদর, মুজিবনগর এবং গাংনী উপজেলায় উপ-বরাদ্দ প্রদান করা হয় এবং স্থানীয় মাননীয় সংসদ সদস্য ও মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয় এর পরামর্শক্রমে এবং জনপ্রতিনিধিবর্গের সুপারিশের ভিত্তিতে অগ্রাধিকার ও জনস্বার্থ বিবেচনায় ৬,২৫,০০,০০০/- (ছয় কোটি পঁচিশ লক্ষ) টাকার মধ্যে থেকে ৪,৯২,০০,০০০/- (চার কোটি বিরানব্বই লক্ষ) টাকায় সর্বমোট ২৬৮ (দুইশত আটষট্টি) টি প্রকল্প গ্রহণ করা হয়েছে (প্রকল্প তালিকা সংযুক্ত)। অবশিষ্ট ১,৩৩,০০,০০০/- (এক কোটি তেত্রিশ লক্ষ) টাকায় পরবর্তীতে প্রকল্প গ্রহণ করা হবে। গত ২৯-০৯-২০২১ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত মেহেরপুর জেলা পরিষদের ৫৩তম সভায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়েছে (সভার কার্যবিবরণী সংযুক্ত, আলোচ্য সূচী-৩.০০)।

এমতাবস্থায়, ২৯-০৯-২০২১ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত মেহেরপুর জেলা পরিষদের ৫৩তম সভার সিদ্ধান্ত মোতাবেক ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি'র সাধারণ বরাদ্দের আওতায় ৬,২৫,০০,০০০/- (ছয় কোটি পঁচিশ লক্ষ) টাকার মধ্যে থেকে ৪,৯২,০০,০০০/- (চার কোটি বিরানব্বই লক্ষ) টাকায় সর্বমোট ২৬৮ (দুইশত আটষট্টি) টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্প তালিকায় বর্ণিত ও গৃহিত সর্বমোট ২৬৮ টি প্রকল্পের মধ্যে ২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকায় ১১৩ (একশত তের) টি প্রকল্প সিপিআর এবং ২,৪২,০০,০০০/- (দুই কোটি বিয়াল্লিশ লক্ষ) টাকায় ১৫৫ (একশত পঞ্চাশ) টি প্রকল্প পিপিআর-২০০৮ ও পিপিএ-২০০৬ এবং এসংক্রান্ত সকল আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক সীমিত দরপত্রের মাধ্যমে বাস্তবায়নের সদয় প্রশাসনিক অনুমোদন প্রদানের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো।

সংযুক্ত : ০১। গত ২৯-০৯-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মেহেরপুর জেলা পরিষদের ৫৩ তম সভায় উপস্থিত সদস্যদের হজিরার ফটোকপি ২(দুই) পৃষ্ঠা।
০২। গত ২৯-০৯-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মেহেরপুর জেলা পরিষদের ৫৩তম সভার কার্যবিবরণী ২৪(চব্বিশ) পাতা।
০৩। প্রকল্প তালিকা ১৬ (ষোল) পাতা।

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ
মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপ-সচিব
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা।

Received
২৫/১০/২১

মুধা মোঃ মোজাহিদুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা (অঃ দাঃ)
জেলা পরিষদ, মেহেরপুর।
ফোনঃ ০৭৯১-৬২৪৬৪ (অফিস)
E-mail- meherpurzp@gmail.com